

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন শাখা-৩
(www.mof.gov.bd)

নম্বরঃ অম/অবি/প্র-৩/ডিপিসি-১/২০০৮/১০৬

তারিখঃ ২৩ ফেব্রুয়ারী, ২০১০

বিষয়ঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের নিমিত্ত গঠিত বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ডে অর্থ বিভাগের প্রতিনিধি মনোনয়ন প্রসংগে।

সূত্রঃ (১) সংস্থাপন মন্ত্রণালয়ের সম/উনি-৪/২-৪/৯১-২৩ তাং ১৯/৮/৯১ ও সম/উনি-৪/৯১-১৩১ তাং ২১/১০/৯২
(২) অর্থ বিভাগের অম/অবি/প্র-৩/ডিপিসি-১/২০০৮/৯১৪ তারিখঃ ০৮ নভেম্বর, ২০০৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে অর্থ বিভাগ হতে জারিকৃত পূর্বের আদেশসমূহ সংশোধনপূর্বক বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে গঠিত ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের জন্য বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটিতে অর্থ বিভাগের পক্ষে প্রতিনিধিত্ব করার লক্ষ্যে নিম্নলিখিত যুগ্ম-সচিবগণকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগে এতদ্বারা মনোনয়ন প্রদান করা হলোঃ

ক্রঃনং	পদের নাম	মন্ত্রণালয়/বিভাগের নাম
১	যুগ্ম-সচিব (সামষ্টিক অর্থনীতি)	(১) পরিবেশ ও বন মন্ত্রণালয়, (২) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (৩) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, (৪) মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, (৫) বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়
২	যুগ্ম-সচিব (বাজেট-১)	(১) আইন ও বিচার বিভাগ (২) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, (৩) পররাষ্ট্র মন্ত্রণালয়, (৪) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ,
৩	যুগ্ম-সচিব (বাজেট-২)	(১) নৌ-পরিবহন মন্ত্রণালয়, (২) ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, (৩) প্রতিরক্ষা মন্ত্রণালয়, (৪) শিল্প মন্ত্রণালয়
৪	যুগ্ম-সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা)	(১) বাণিজ্য মন্ত্রণালয়, (২) বিদ্যুৎ বিভাগ, (৩) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ (৪) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, (৫) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, (৬) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, (৭) ভূমি মন্ত্রণালয়, (৮) নির্বাচন কমিশন সচিবালয়, (৯) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, (১০) স্থানীয় সরকার বিভাগ
৫	যুগ্ম-সচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা)	(১) রাষ্ট্রপতির কার্যালয়-(ক) জন বিভাগ (খ) আপন বিভাগ, (২) প্রধানমন্ত্রীর কার্যালয়, (৩) মন্ত্রিপরিষদ বিভাগ, (৪) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, (৫) সমাজ কল্যাণ মন্ত্রণালয়
৬	যুগ্ম-সচিব (বাস্তবায়ন)	(১) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, (২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, (৩) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, (৪) শিক্ষা মন্ত্রণালয়, (৫) সংস্থাপন মন্ত্রণালয়, (৬) তথ্য মন্ত্রণালয়, (৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (৮) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (৯) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (১০) কৃষি মন্ত্রণালয়, (১১) সড়ক ও রেলপথ বিভাগ, (১২) সেতু বিভাগ।
৭	যুগ্ম-সচিব (প্রবিধি)	(১) পানি সম্পদ মন্ত্রণালয়, (২) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, (৩) পরিকল্পনা বিভাগ (৪) পরিসংখ্যান বিভাগ, (৫) পরিকল্পনা কমিশন, (৬) প্রবাসী ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, (৭) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, (৮) খাদ্য বিভাগ, (৯) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ, (১০) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (১১) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, (১২) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়,

২। কোন যুগ্ম-সচিবের অনুপস্থিতিতে ছুটিকালীন বিকল্প কর্মকর্তা সংক্রান্ত আদেশ অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ডিপিসিতে বিকল্প কর্মকর্তা যোগদান করবেন।

৩। অনিবার্য কারণবশতঃ বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটির নির্ধারিত সভায় যদি কোন মনোনীত কর্মকর্তা (অথবা বিকল্প কর্মকর্তা) উপস্থিত হতে না পারেন তবে সচিব/অতিরিক্ত সচিব এর সাথে আলোচনাক্রমে তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে তা জানিয়ে দিতে পারবেন।

৪। বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটির সভার নোটিশ মন্ত্রণালয়/বিভাগের জন্য মনোনীত কর্মকর্তার নিকট সরাসরি পৌছাতে হবে। প্রয়োজনে অর্থ বিভাগের web site : www.mof.gov.bd -এর Left Menu -তে Circular-এ সর্বশেষ অফিস আদেশ, ছুটিকালীন বিকল্প কর্মকর্তা সংক্রান্ত আদেশ এবং কর্মকর্তাদের টেলিফোন নম্বর সংগ্রহ করা যাবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



২৩/২/১০

(খলিল আহমদ)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৬৮১৩৪

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (সকল), অর্থ বিভাগ।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর ভবন, ঢাকা।
- ৬। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব।